# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (৮৫) واقفة (ওয়াকেফা) সম্প্রদায় কারা? তাদের হুকুম কী?

উত্তরঃ যারা কুরআনের ব্যাপারে এ কথা বলে যে, আমরা এ কথা বলব না যে, কুরআন আল্লাহর কালাম এবং এও বলব না যে, তা মাখলুক, তারা ফির্কায়ে ওয়াকেফার অন্তর্ভূক্ত। ইমাম আহমাদ বিন হাম্বাল (রঃ) বলেনঃ তাদের মধ্যে যারা তর্কশাস্ত্র সম্পর্কে অভিজ্ঞ, সে জাহমী[1]। আর যে তর্কশাস্ত্র সম্পর্কে ভাল ধারণা রাখে না; বরং এ ব্যাপারে তার জ্ঞান অতি নগণ্য, তার কাছে দলীল-প্রমাণ পেশ করা হবে। সে যদি তাওবা করে এবং বিশ্বাস পোষণ করে যে, কুরআন আল্লাহ্ তা'আলার কালাম, মাখলুক নয়, তবে তো খুবই ভাল। অন্যথায় সে জাহ্মীয়াদের চেয়েও নিকৃষ্ট বলে গণ্য হবে।

## ফুটনোট

[1] যারা আল্লাহর নাম ও গুণাবলীতে বিশ্বাস করে না তাদেরকে জাহ্মীয়া বলা হয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11899

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন